আমার মহান রব আমাকে প্রতিশ্রুতি দিয়েছেন যে, তিনি আমার উম্মতের সত্তর হাজার লোককে বিনা হিসাব ও বিনা আযাবে জান্নাতে দাখিল করবেন এবং প্রতি হাজারের সাথে থাকবে আরও সত্তর হাজার করে এবং আরো থাকবে আমার মহান রবের তিন মুঠো পরিমাণ।

আবূ উমামা আল-বাহিলী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন) “আমার মহান রব আমাকে প্রতিশ্রুতি দিয়েছেন
যে, তিনি আমার উম্মতের সত্তর হাজার লোককে বিনা হিসাব ও বিনা আযাবে জান্নাতে দাখিল করবেন এবং প্রতি হাজারের সাথে থাকবে আরও সত্তর হাজার করে এবং আরো থাকবে আমার মহান
রবের তিন মুঠো পরিমাণ।” [সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সংবাদ দেন যে, নিশ্চয় আল্লাহ তা‘আলা তাকে প্রতিশ্রুতি দিয়েছেন যে, তিনি তার উম্মাতের সত্তর হাজার লোককে বিনা হিসাবে এবং বিনা শাস্তিতে জান্নাতে দাখিল করবেন। আর প্রতি হাজারের সাথে আরও সত্তর হাজার লোককে জান্নাতে প্রবেশ করাবেন। আর আল্লাহ স্বীয় হাত দ্বারা তিন মুঠো পরিমাণ লোককে ধরবেন এবং তাদের জান্নাতে প্রবেশ করাবেন।

http://sunnah.global/hadeeth/bn/show/8282